# আজ জাতিসংঘ অধিবেশনের সভাপতির দায়িত্ব নেবেন খলিলুর রহমান



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশন শুরু হচ্ছে আজ। আর এর মধ্য দিয়ে বাংলাদেশের কূটনৈতিক অঙ্গনে যুক্ত হতে যাচ্ছে নতুন একটি অধ্যায়। বিশ্বের সবচেয়ে বড় বহুপক্ষীয় এই ফোরামের সভাপতি হিসেবে এক বছরের জন্য দায়িত্ব গ্রহণ করবেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) নিউইয়র্কের স্থানীয় সময় বিকেল ৩টায় জাতিসংঘ সদর দপ্তরে ৮১তম অধিবেশনের উদ্বোধন করবেন তিনি। এর মাধ্যমে জার্মানির সাবেক পররাষ্ট্রমন্ত্রী আনালেনা বেয়ারবকের স্থলাভিষিক্ত হবেন খলিলুর রহমান। তার মেয়াদ চলবে ২০২৭ সালের ৭ সেপ্টেম্বর পর্যন্ত। এবারের অধিবেশনের প্রতিপাদ্য রাখা হয়েছে, 'আস্থা পুনরুদ্ধার, রূপান্তর ব্যবস্থাপনা: সবার জন্য কার্যকর একটি জাতিসংঘ'।

দায়িত্ব গ্রহণের আগে নিউইয়র্কে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে বৈঠক করেন খলিলুর রহমান। এ সময় জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের পক্ষ থেকেও তাকে নতুন দায়িত্ব গ্রহণ উপলক্ষে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয়।

LENS ASIA

গত ২ জুন জাতিসংঘ সদর দপ্তরে গোপন ব্যালটে অনুষ্ঠিত নির্বাচনে ৮১তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হন তিনি। মোট ১৯০ ভোটের মধ্যে খলিলুর রহমান পান ৯৯ ভোট। তার প্রতিদ্বন্দ্বী সাইপ্রাসের আন্দ্রেয়াস কাকোরিস পেয়েছিলেন ৯১ ভোট।

জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির পদটি পাঁচটি আঞ্চলিক গ্রুপের মধ্যে পর্যায়ক্রমে বণ্টন করা হয়। ৮১তম অধিবেশনে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের পালা থাকায় ওই অঞ্চল থেকে নির্বাচনে অংশ নেন খলিলুর রহমান। তার এই নির্বাচিত হওয়াকে বাংলাদেশের জন্য একটি গুরুত্বপূর্ণ কূটনৈতিক অর্জন হিসেবে দেখা হচ্ছে।

এর আগে ১৯৮৬-৮৭ মেয়াদে বাংলাদেশের হুমায়ুন রশীদ চৌধুরী জাতিসংঘ সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনের সভাপতির দায়িত্ব পালন করেছিলেন। প্রায় চার দশক পর আবারও কোনো বাংলাদেশি এই গুরুত্বপূর্ণ বহুপক্ষীয় ফোরামের নেতৃত্বে এলেন।

উল্লেখ্য, জাতিসংঘের ১৯৩ সদস্যরাষ্ট্রকে নিয়ে গঠিত সাধারণ পরিষদ সংস্থাটির অন্যতম প্রধান নীতিনির্ধারণী ও আলোচনার প্ল্যাটফর্ম। আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা, মানবাধিকার এবং টেকসই উন্নয়নসহ বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে পরিষদটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।